

- ❁ আমি মনে করি ফাদারের এই কথার মধ্যেই আগামী দিনের দিক নির্দেশনা অতি সুপষ্ট। ঘোড়া আর গাড়ি, সঞ্চয় ও ঋণ দুটো বিষয়ের বিবেচনা জরুরী। প্রথমে সঞ্চয় করতে হবে। সঞ্চয়ের ভিত্তিতে ঋণ বণ্টন করতে হবে।
- ❁ মিত্যব্যয়ী হতে হবে। সম্পদ সসীম - অভাব অসীম। সীমিত সম্পদেই অসীম অভাবের মোকাবেলা করতে হবে। তাছাড়াও প্রয়োজন/ অভাব ও আমি চাই এই দুটো বিষয়ের মধ্যে সূক্ষ্ম রেখা নির্ণয় করতেই হবে।
- ❁ অহেতুক বিলাসিতা কখনই আর্থিক নিরাপত্তা অর্জনের সহায়ক নয়।
- ❁ অর্থ অনর্থের মূল - তবে অর্থ বিহীন অনেক কিছুই অচল, তাই মানুষের অতি কষ্টে উপার্জিত অর্থ যেন সুপরিচালিতভাবে ব্যবহৃত হয় তার জন্য জনগণকে সুপারামর্শদান ও সচেতন করা।
- ❁ অর্থনৈতিক অগ্রাধিকার নির্ণয় করার মনোভাব পোষণ করা। ব্যক্তি ও সমবায়ী জীবনে অগ্রাধিকার চিহ্নিত করে অগ্রসর হওয়া।
- ❁ প্রশিক্ষণ খুবই গুরুত্বপূর্ণ বিষয়। ক্রেডিট ইউনিয়ন সম্পর্কিত জ্ঞান, দতা অর্জন, যোগ্য নেতৃত্ব গড়ে তোলার জন্য উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- ❁ দলীয় কোন্দল, রেযারেসি বর্জন করে একতাবদ্ধ হয়ে কাজ করা। ‘আমি নই আমরা’ যে অনেক বেশি শক্তিশালী সে কথা বিশ্বাস ও কার্যকরী করা।
- ❁ ব্যক্তিস্বার্থের চেয়ে দলীয় স্বার্থকে বড় ও প্রধান করে দেখা।
- ❁ সর্বদা মনে রাখা দরকার যে খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের জন্ম খ্রীষ্টিয় ভাবধারা তথা আদি মণ্ডলীর চেতনা থেকে (প্রেরিত ২: ৪৪-৪৫)। কেবলমাত্র অতিরিক্ত আর্থিক উন্নয়নকে প্রাধান্য দিয়ে বা এর প্রবল চাপে এই চেতনা যেন হারিয়ে না যায়। তাহলে সেদিন কিন্তু নামের পূর্বের খ্রীষ্টান শব্দটি বাদ দিতে হবে কিংবা তা নিরর্থক হবে। খ্রীষ্টান ক্রেডিট ইউনিয়ন হলো খ্রীষ্ট বিশ্বাসীদের একত্রিত জীবনের উজ্জ্বল প্রতীক।
- ❁ চরম অবস্থার মধ্যেও আপোসহীনভাবে সমবায়ের মূল মন্ত্রগুলো অপরিবর্তিত ও অক্ষুণ্ণ রাখা।
- ❁ ক্রেডিট ইউনিয়নের সাথে সম্পৃক্ত অন্যান্য সমাজ সেবামূলক প্রকল্পগুলো নিঃস্বন্দেহে প্রশংসার দাবীদার ও শুভ উদ্যোগ। নানামুখী চাহিদা মেটানোর প্রয়াসে যুগোপযোগী এ ধরনের উদ্যোগ গ্রহণযোগ্য।
- ❁ ক্রেডিট ইউনিয়ন ব্যবসা নয় সেবা, আমরা সবাই মিলে সবার সেবা করি সেই এই ভাবধারা যেন উজ্জ্বল থাকে।
- ❁ অবশ্যই নির্ধারিত নীতিতেই তা পরিচালিত হবে এবং যুগোপযোগী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা থাকবে। আজকের সাফল্য একটি মাস্টার প্ল্যানের হাত ধরে চূড়ান্ত সাফল্যে পৌঁছাবে সেটাই সবার কাম্য ও স্বপ্ন।

উপসংহার: বিপন্ন ও হতভাগ্য মানুষের ভাগ্য নির্ণয়ের জন্য ভগবানের প্রেরিত দূত আমাদের পরম নমস্য ফাদার চার্লস ইয়াং সত্যি আমাদের মাঝে চিরস্মরণীয় হয়ে আছেন ও থাকবেন। মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন-এর সুবর্ণ জয়ন্তী উৎসবে আমরা এই প্রতিষ্ঠাতা জনককে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করি। মহান স্রষ্টার কাছে তাঁর আত্মার চিরশান্তি কামনা করি। মাতৃরূপে তিনি তাঁর নিবেদিত জীবন যাপন করেছেন অসংখ্য মানুষের ভাগ্য পরিবর্তনের প্রয়াসে। পৃথিবীতে জন্মাবার আগে শংকিত অসহায় মানব শিশুকে আশ্বাস দিয়েছিলেন স্বর্গদূত, একজন তোমার দেখাশুনা করবেন, তোমার যত্ন নিবেন, তোমার সমস্ত প্রয়োজন মেটাবেন। আমাদের আশংকার সময় ঈশ্বর ফাদার চার্লস ইয়াং কে পাঠিয়েছিলেন। তাই আমরা তাঁকে বলতে চাই তুমি মহান - তোমার কীর্তি মহান। খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের আর্শিতে তোমার মুখ দেখছে শত সহস্র মানুষ।

সহায়ক গ্রন্থ: বাংলাদেশে ক্রেডিট ইউনিয়নের জনক ফাদার চার্লস যে ইয়াং, সিএসসি-র জীবনী:
ফাদার আর, ডব্লিউ. টিম, সিএসসি, অনুবাদ: ফাদার আদম পেরেরা, সিএসসি।